

বাংলাদেশ নির্বাচন কমিশন
সিনিয়র জেলা নির্বাচন অফিসারের কার্যালয়
খুলনা।
www.ecs.gov.bd

নং-১৭.০৫.৪৭০০.০০০.৩২.০০৫.২২-২১১

তারিখ : ০৫/০৪/২০২২


নিয়োগ বিজ্ঞপ্তি

নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা এর ২৮ মার্চ ২০২২ তারিখের ১৭.০০.০০০০.০২৬.৩২.০১৬.২১-১৮১ নং পত্রের নির্দেশনা অনুযায়ী ছবিসহ ভোটার তালিকা হালনাগাদ কর্মসূচি-২০২২ উপলক্ষে সিনিয়র জেলা নির্বাচন অফিসার, খুলনা কার্যালয়ের অধীনে নিম্নবর্ণিত পদসমূহে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে (ভোটার তালিকা হালনাগাদ কর্মসূচি-২০২২ চলাকালীন সময়ের জন্য) নিয়োগের নিমিত্ত প্রকৃত বাংলাদেশের নাগরিকদের নিকট হতে বর্ণিত শর্তসাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্র. নং	পদের নাম	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
১.	টেকনিক্যাল এক্সপার্ট/সার্পেট	স্নাতক (কম্পিউটার ডিপ্লোমা/সমমানের ডিগ্রী থাকতে হবে)	ছবিসহ ভোটার তালিকা কাজে অভিজ্ঞদের অগ্রাধিকার দেয়া হবে এবং শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য
২.	টিম লিডার	এইচ, এস, সি (কম্পিউটার ডিপ্লোমা/সমমানের ডিগ্রী থাকতে হবে)	
৩.	প্রফ রিডার	যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক পাশ। কম্পিউটার হার্ডওয়্যার ও সফটওয়্যার সম্পর্কে জ্ঞান থাকতে হবে।	
৪.	ডাটা এন্ট্রি অপারেটর	নূন্যতম এইচ,এস,সি পাশ হতে হবে। কম্পিউটার টাইপিং গতি: বাংলায় প্রতি মিনিটে ২০ শব্দ এবং ইংরেজিতে প্রতি মিনিটে ২০ শব্দ থাকতে হবে। শুদ্ধ বাংলা এবং ইংরেজিতে পারদর্শী হতে হবে। কম্পিউটারের হার্ডওয়্যার ও সফটওয়্যার সম্পর্কে জ্ঞান থাকতে হবে।	
৫.	ডাটা এন্ট্রি হেলপার	এস,এস,সি পাশ	

শর্তাবলী:

- প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।
- প্রার্থীর বয়স ০৫-০৪-২০২২খ্রিঃ তারিখ ১৮ হতে ৩০ বৎসরের মধ্যে হতে হবে। তবে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য।
- আবেদনকারীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, নিজ জেলা, জাতীয়তা, জন্ম তারিখ, ০৫/০৪/২০২২ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স, শিক্ষাগত যোগ্যতা, জাতীয় পরিচয়পত্র নম্বর ব্যাংকের নাম ও হিসাব নম্বর, মোবাইল নম্বর এবং পূর্ব অভিজ্ঞতা(যদি থাকে) অবশ্যই উল্লেখ করতে হবে।
- আবেদনপত্রের সাথে ২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র অথবা সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের কপি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ও অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত কপি (যদি থাকে)।
- যে পদের জন্য আবেদন করা হবে স্পষ্ট অক্ষরে সে পদের নাম খামের উপরে লিখতে হবে।
- আবেদনকারীকে ব্যবহারিক পরিক্ষায়/সাক্ষাৎকারে উপস্থিত হওয়ার জন্য কোন প্রকার টি.এ./ডি.এ প্রদান করা হবে না।
- আবেদনপত্র "সিনিয়র জেলা নির্বাচন অফিসার, খুলনা" বরাবরে আগামী ২৫/০৪/২০২২ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌঁছাতে হবে।
- কেবল উপর্যুক্ত বিবেচিত প্রার্থীদের মোবাইল ফোনের মাধ্যমে নির্ধারিত তারিখে লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষার জন্য আহ্বান করা হবে।
- মৌখিক পরীক্ষার সময় অবশ্যই দাখিলকৃত কাগজপত্রের মূলকপি সংগে আনতে হবে।
- অসম্পূর্ণ, ভুল তথ্যপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ বিজ্ঞপ্তি বাতিল করার এবং বিজ্ঞপ্তিতে পদের সংখ্যা কম বেশী করার ক্ষমতা সংরক্ষণ করবে।
- ছবিসহ ভোটার তালিকা প্রণয়নের কাজে দক্ষতার অনুরূপ কাজে অভিজ্ঞতা অতিরিক্ত যোগ্যতা হিসেবে গণ্য করা হবে।
- কাজে অদক্ষ ও অসাদুপায়ের জন্য পূর্বে বহিস্কৃত কোন ব্যক্তিকে নিয়োগ প্রদান করা হবে না।



(এম. মাজহারুল ইসলাম)

সিনিয়র জেলা নির্বাচন অফিসার

খুলনা।


ফোনঃ ০২৪৭৭০০৩১২(অফিস)

তারিখ : ০৫/০৪/২০২২

নং-১৭.০৫.৪৭০০.০০০.৩২.০০৫.২২-২১১

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
- প্রকল্প পরিচালক, আইডিইএ-২ প্রকল্প, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- জেলা প্রশাসক, খুলনা।
- আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, খুলনা অঞ্চল, খুলনা।
- উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল), খুলনা।
- উপজেলা/থানা নির্বাচন অফিসার(সকল), খুলনা।
- নোটিশ বোর্ড।



(এম. মাজহারুল ইসলাম)

সিনিয়র জেলা নির্বাচন অফিসার

খুলনা